## দুই তরুণী নিখোঁজের ঘটনায় চাঞ্চল্য

# ভিডিও বার্তা দিয়ে নিখোঁজ

**মনোজ বর্মন**

**শীতলকুচি, ২৪ এপ্রিল :** হাতেগোনা কয়েকদিন বাকি সামাজিক বিয়ের। কেনাকাটাও শুরু হয়ে গিয়েছে। তবে হঠাৎ বরের বাড়ি থেকে নিখোঁজ হয়ে গেলেন ভাওয়াইয়া সংগীতশিল্পী অন্তরা বর্মন। বুধবার ভোর থেকে তাঁর খোঁজ পাওয়া যাচ্ছে না। তবে নিখোঁজ হওয়ার আগে অন্তরা ফেসবুকে একটি ভিডিও বার্তা দিয়েছেন।

যেখানে তিনি বলছেন, 'এই ভিডিও বানাতে বাধ্য হলাম, না হলে অনেকে দোষারোপ করবে। অনেকে অসুবিধায় পড়বে। আমি যে ভুলটা করেছি তার জন্য পস্তাচ্ছি। মা-বাবার কাছে ক্ষমা চেয়ে নিচ্ছি। দশদিনের পরিচয়ে বিয়ে করে ফেলেছি। আমার পক্ষে এখানে থাকা সম্ভব না। সবাইকে ছেড়ে কোথাও চলে যাব। আমাকে কেউ খুঁজবে না। আমার সিদ্ধান্তের জন্য কেউই দায়ী না।'

এরপরই তাঁর মোবাইল বন্ধ হয়ে যায়। আত্মীয়স্বজনদের বাড়িতে খোঁজ করা হলেও সন্ধান মেলেনি বলে পরিবারের তরফে জানানো হয়েছে।

অন্তরার বাবা উকিল বর্মন বলেন, 'মেয়ের পছন্দমতোই বিয়ে ঠিক হয়। অন্তরা বিয়ের কেনাকাটা শুরু করেছে। হঠাৎ কী হল বুঝে উঠতে পারছি না। মেয়েকে কেউ দেখলে আমাদের অথবা পুলিশে খবর দিন।'

শীতলকুচি ব্লকের ফক্করেরহাট এলাকার বাসিন্দা অন্তরা ২০২২ সালে রাজ্য ভাওয়াইয়া প্রতিযোগিতায় দরিয়া বিভাগে দ্বিতীয় হয়ে উত্তরবঙ্গজুড়ে পরিচিতি পান। অনেক স্টেজ প্রোগ্রাম করেন তিনি।

পাশাপাশি সোশ্যাল মিডিয়ায় তাঁর গান ভাইরাল হয়। গান গাইতে গিয়েই ছয় মাস আগে সাহেবগঞ্জ থানার কিশামত দশগ্রামের তরুণ অনুপ সরকারের সঙ্গে পরিচয় হয় তাঁর। কয়েকদিন আগে দুজনে মন্দিরে বিয়েও করে নেন। পরে দুই পরিবার আলোচনা করে সামাজিক বিয়ে দেওয়ার সিদ্ধান্ত নেয়। তার প্রস্তুতিও শুরু হয়ে গিয়েছে। এরপর থেকে অন্তরা সেখানেই ছিলেন। হঠাৎ বুধবার অনুপের বাড়ি থেকে নিখোঁজ হয়ে যান তিনি।

অনুপ বুধবারই সাহেবগঞ্জ থানায় ঘটনার বিবরণ দিয়ে নিখোঁজের অভিযোগ দায়ের করেছেন।

অনুপের কথায়, 'এদিন বিয়েবাড়িতে বাদ্যযন্ত্র বাজাতে গিয়েছিলেন। ভোরবেলা ফোনে কথা হয়। বাড়ি ফিরে দেখি দরজা খোলা। কিছুই বুঝতে পারছি না কী হল। থানায় অভিযোগ জানিয়েছি।'

বিষয়টি খতিয়ে দেখে তদন্ত শুরু করেছে পুলিশ বলে জানিয়েছেন দিনহাটা এসডিপিও ধীমান মিত্র।


*ভাওয়াইয়াশিল্পী অন্তরা বর্মন।*

**যা ঘটেছে**

- কয়েকদিন আগে মন্দিরে বিয়ে হয়েছে অন্তরার
- এরপর পরিবারের তরফে সামাজিকভাবে বিয়ে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়
- হঠাৎ বরের বাড়ি থেকে নিখোঁজ হয়ে যান তিনি
- তার আগে 'বিয়ে করে ভুল করেছি' বলে ফেসবুকে ভিডিও বার্তা দিয়েছেন তিনি

> মেয়ের পছন্দমতোই বিয়ে ঠিক হয়। অন্তরা বিয়ের কেনাকাটা শুরু করেছে। হঠাৎ কী হল বুঝে উঠতে পারছি না। মেয়েকে কেউ দেখলে আমাদের অথবা পুলিশে খবর দিন।
>
> **উকিল বর্মন**
> *অন্তরার বাবা*

# কলেজে যাওয়ার পথে বেপাত্তা

**শিবশংকর সূত্রধর**

**কোচবিহার, ২৪ এপ্রিল :** আলিপুরদুয়ার কলেজে যাওয়ার পথে কোচবিহারের এক তরুণী রহস্যজনকভাবে নিখোঁজ হয়ে গেলেন। পরিবারের তরফে এবিষয়ে কোতোয়ালি থানায় লিখিত অভিযোগ করা হয়েছে। কোচবিহার ও আলিপুরদুয়ারে হন্যে হয়ে খুঁজেও কলেজ পড়ুয়া তরুণীকে খুঁজে না পাওয়ায় এখন পরিবারের সদস্যদের রাতের ঘুম উড়ে গিয়েছে।

কোচবিহার শহরের ২ নম্বর ওয়ার্ডের বাসিন্দা বিজন দে। তিনি কোচবিহার বার অ্যাসোসিয়েশনের সামনে টাইপিস্টের কাজ করেন। তাঁর ১৯ বছরের মেয়ে আলিপুরদুয়ার কলেজের ছাত্রী। কোচবিহার থেকে তিনি সেখানে যাতায়াত করেন। গত ২২ এপ্রিল কলেজে যাওয়ার নাম করে ওই তরুণী বাড়ি থেকে বের হন। কিন্তু পরে আর তাঁর খোঁজ মেলেনি। বিজন বলেন, 'আমরা খোঁজ নিয়ে জেনেছি আলিপুরদুয়ার চৌপথিতে তাঁকে শেষবার দেখা গিয়েছে। আমরা চাই পুলিশ খুব তাড়াতাড়ি ওকে খুঁজে বের করুক।' নিখোঁজ তরুণীর পরিবারের দাবি, ওই তরুণীকে শেষবার যখন দেখা যায় তখন তাঁর সঙ্গে দুজন ছেলে ছিল বলে তাঁরা জানতে পেরেছেন। তাঁরা দক্ষিণবঙ্গের বাসিন্দা। তরুণীর এক সহপাঠীর সহযোগিতায় সোশ্যাল মিডিয়ার মাধ্যমে ওই দুজনের ছবি বের করা হয়েছে। সেই তথ্য পুলিশকে জানানো হয়েছে। ওই তরুণীকে দক্ষিণবঙ্গে নিয়ে যাওয়া হয়েছে কি না তা নিয়েও পরিবারের তরফে আশঙ্কা প্রকাশ করা হয়েছে।

তরুণীকে খুঁজে পেতে কোচবিহার শহরের ২ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার উজ্জ্বল তর তোড়জোড় শুরু করেছেন। বৃহস্পতিবার পরিবারের সদস্যদের নিয়ে তিনি আলিপুরদুয়ার থানায় যান। যদিও পুলিশের তরফে ঠিকঠাক সহযোগিতা মিলছে না বলে তিনি অভিযোগ তুলেছেন। উজ্জ্বলের কথায়, 'কোচবিহারের কোতোয়ালি ও আলিপুরদুয়ার দুই থানাতেই আমরা গিয়েছি। তবে পুলিশের কাছ থেকে পর্যাপ্ত সহযোগিতা মিলছে না। পুলিশ সক্রিয়তার সঙ্গে তরুণীকে দ্রুত খুঁজে বের না করলে তাঁর ক্ষতিও হতে পারে।' কোচবিহারের কোতোয়ালি থানার পুলিশের এক আধিকারিক অবশ্য জানিয়েছেন, তাঁরা ইতিমধ্যে বিষয়টি খতিয়ে দেখতে শুরু করেছেন।

> আমরা খোঁজ নিয়ে জেনেছি আলিপুরদুয়ার চৌপথিতে তাঁকে শেষবার দেখা গিয়েছে। আমরা চাই পুলিশ খুব তাড়াতাড়ি ওকে খুঁজে বের করুক।
>
> **বিজন দে**
> *নিখোঁজ ছাত্রীর বাবা*


পাঠকের লেন্সে 8597258697 picforubs@gmail.com

*বৃষ্টিভেজা।। দক্ষিণ দিনাজপুরের পতিরামে ছবিটি তুলেছেন অরিজিৎ সরকার।*

# জলাশয় জমি মাফিয়াদের থাবা

**প্রসেনজিৎ সাহা**

**দিনহাটা, ২৪ এপ্রিল :** জমি কারবারিদের নজর শহর ছাড়িয়ে ক্রমে গ্রাম পঞ্চায়েত এলাকার জলাশয়গুলিতে গিয়ে পড়েছে। দিনহাটা ভিলেজ-১, পুঁটিমারি-২ বা বোয়ালমারির মতো এলাকায় গেলে একাধিক জলাশয় ভরাটের ছবি দেখা যাবে। এভাবে শহর সংলগ্ন জলাশয়গুলি ভরাট হওয়ায় দিনহাটার নিকাশি ব্যবস্থা সংকটে পড়তে পারে। কারণ বিভিন্ন ওয়ার্ডের জল বড় নালা দিয়ে শহর সংলগ্ন নীচু জলাশয়ের মাধ্যমে গ্রামাঞ্চলের নদীতে গিয়ে মেশে। যেভাবে এক শ্রেণির জমি কারবারিরা জলাশয়গুলি মাটি ফেলে দ্রুত ভরাট করছে তাতে বর্ষাকালে নিকাশিনালার অতিরিক্ত জল বেরোনো নিয়ে খোদ পুরসভা আশঙ্কায় রয়েছে।

দিনহাটা পুরসভার ভাইস চেয়ারম্যান সাবির সাহা চৌধুরী বলেন, 'শহরের নিকাশিনালার আউটলেট যদি বন্ধ হয় তাহলে বর্ষাকালে স্থানীয় বাসিন্দারা সমস্যায় পড়তে পারে। তবে মন্ত্রী নিজে জমি ভরাটের বিষয়টি সংশ্লিষ্ট দপ্তরকে দেখতে বলেছেন। এধরনের কাজ পুরোপুরি বেআইনি। পুরসভার তরফে আমরাও এবিষয়ে নজর রাখছি।'

একটু বেশি বৃষ্টি হলেই দিনহাটা শহরের জলমগ্ন হয়ে যায়। চার দশকের বেশি সময় ধরে এই চেনা ছবির কোনও বদল দেখা যায়নি। যেভাবে জমি ভরাট হচ্ছে তাতে দিনহাটার নিকাশি ব্যবস্থায় ব্যাপক প্রভাব পড়তে চলেছে বলে মনে করা হচ্ছে। শহরের বাসিন্দা অভিজিৎ দাস বলেন, 'জলাশয় ভরাট বর্তমান সময়ে একটি গভীর সমস্যা। বিষয়টি প্রশাসনের গুরুত্ব দেখা উচিত।'

মূলত বর্ষাকালে ১২, ১৩, ১১, ১০ ও ২ নম্বর ওয়ার্ডের জল বড় নালা হয়ে ভিলেজ-১ গ্রাম পঞ্চায়েত সংলগ্ন নীচু জমিতে গিয়ে জমা হয়। ৯, ৭, ১ নম্বর ওয়ার্ডের জল বড় নালা হয়ে পুঁটিমারি-২ গ্রাম পঞ্চায়েতের নীচু জলাশয়ে জমা হয়। একইভাবে ৮, ৯ ও ১৫ নম্বর ওয়ার্ডের জল বড় নালা হয়ে বোয়ালমারির জলাশয়ে গিয়ে পড়ে। গত পাঁচ বছরে এই সমস্ত গ্রাম পঞ্চায়েতে এলাকার একাধিক জমিতে জমি মাফিয়ারা থাবা বসিয়েছে। মাটি ভরাট করে তারা প্লট হিসেবে জমি বেশি দামে বিক্রি করছে। পড়াশোনা ও কর্মসংস্থানের নানা সুবিধার কারণে শহরের জমির দাম হুহু করে বেড়েছে। জমি মাফিয়ারা এই সুযোগকে কাজে লাগাতে মরিয়া হয়ে উঠেছে।

সিপিএম নেতা শুভ্রালোক দাসের বক্তব্য, 'পুরসভা উন্নয়নের নামে যেখানে পারছে পরিকল্পনাহীন নিকাশিনালা তৈরি করছে। ফলে দুর্ভোগের চেনা ছবি একই থাকছে। প্রশাসনের নাকের ডগায় যেভাবে জলাশয় ভরাট হচ্ছে তাতে এবছরও বর্ষাকালে ভোগান্তি কমবে না।'

**সমস্যা যেখানে**

- এক শ্রেণির জমি কারবারিরা জলাশয়গুলি মাটি ফেলে দ্রুত ভরাট করছে
- বিভিন্ন ওয়ার্ডের জল বড় নালা দিয়ে শহর সংলগ্ন নীচু জলাশয়ের মাধ্যমে গ্রামাঞ্চলের নদীতে গিয়ে মেশে
- শহর সংলগ্ন জলাশয়গুলি ভরাট হওয়ায় দিনহাটার নিকাশি ব্যবস্থা সংকটে পড়তে পারে

# কোলে চড়ে তিনতলায় গর্ভবতীরা, ক্ষোভ

**রাজেশ দাশ**

**মাথাভাঙ্গা, ২৪ এপ্রিল :** আনুষ্ঠানিকভাবে কর্তৃপক্ষের হাতে তুলে দেওয়া হয়নি নতুন ভবন। যথারীতি উদ্বোধনও হয়নি। কিন্তু নতুন তৈরি ভবনটিতে গর্ভবতীদের চিকিৎসা চলছে মাথাভাঙ্গা মহকুমা হাসপাতালে। আর নতুন ভবনের নির্দিষ্ট ওয়ার্ডে পৌঁছাতে কালঘাম ছুটছে রোগী এবং তাঁদের পরিজনদের। এর মূলেই রয়েছে লিফট খারাপ। উদ্বোধন হওয়ার আগে লিফট বিকল হয়ে যাওয়ায়, তা নিয়ে প্রশ্ন উঠছে। ক্ষোভ বাড়ছে রোগী ও তাঁদের পরিজনদের মধ্যে।

নতুন ভবন চালু হওয়ার আগেই পুরোনো ভবনের সংস্কার শুরু হওয়ায় তার মাশুল দিতে হচ্ছে গর্ভবতী এবং তাঁদের আত্মীয়দের। লিফট বিকল থাকায় গর্ভবতীদের সিঁড়ি ভেঙে উঠতে হচ্ছে তিনতলায়। অনেককে আবার তাঁদের পরিজনরা মিলে কোলে করে তুলছেন নির্দিষ্ট ওয়ার্ডে। ফলে তাঁদের শারীরিক সমস্যায় তো পড়তে হচ্ছেই, বাড়ছে গর্ভে থাকা সন্তানের ভবিষ্যৎ নিয়ে শঙ্কা। হাসপাতাল সূত্রেই খবর, প্রায় এক মাস ধরে বন্ধ রয়েছে লিফটটি। দীর্ঘদিন ধরে লিফটটি বিকল থাকায় ক্ষোভ বাড়ছে গর্ভবতী ও তাঁদের আত্মীয়দের মধ্যে। জোরপাটকি এলাকার বাসিন্দা স্বপ্না বর্মন বলেন, 'গর্ভবতী মেয়েকে বুধবার হাসপাতালে ভর্তি করিয়েছি। এখানে আসার পর জানতে পারি লিফটটি খারাপ। মেয়েকে নিয়ে চরম সমস্যায় পড়তে হয়েছে। দুজন মিলে কোলে তুলে নিয়ে সিঁড়ি ভেঙে তিনতলায় উঠেছি। মেয়ের শারীরিক অবস্থা খারাপ থাকায়, খুব কষ্ট হয়েছে মেয়েকে বেড়ে নিয়ে যেতে।' ছেলের বৌকে হাসপাতালে নিয়ে এসেছিলেন মিনতি বর্মন। তাঁর বক্তব্য, সঙ্গে লোকজন কম থাকায় অন্য রোগীর আত্মীয়দের সাহায্যে তিনি বৌমাকে তিনতলায় নিয়ে যান। চরম ভোগান্তিতে পড়তে হয় তাঁদের। বাইশগুড়ি এলাকার বাসিন্দা কোয়েল বর্মন ক্ষোভের সঙ্গে বলছেন, 'তিন থেকে চারজনের সাহায্যে গর্ভবতীদের ভর্তি করাতে হচ্ছে। এক মাস কেটে যাওয়ার পরও লিফট সারাই হয়নি। আর কবে লিফট সারাই হবে, তাও স্পষ্ট নয়।'

এ বিষয়ে মাথাভাঙ্গা মহকুমা হাসপাতালে সুপার ডাঃ মাসুদ হাসান বলেন, 'এ বিষয়ে দু'বার ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে চিঠি করা হয়েছে। লিফটের মাদার বোর্ড বিকল হয়ে যাওয়ায় এই সমস্যা।' কাজের গুণগত মান নিয়ে প্রশ্ন করা হলে তিনি বলেন, 'আমরা এই বিষয়গুলি দেখি না। তবে দ্রুত লিফট সারাই হবে বলে ঊর্ধ্বতন কর্তৃপক্ষ জানিয়েছে।'


*মাথাভাঙ্গা মহকুমা হাসপাতালের এই লিফট এক মাস থেকে বিকল।*

**ভোগান্তি**

- নতুন ভবন চালু না হতেই পুরোনো ভবনের সংস্কারে হাত
- নতুন ভবনে চলছে গর্ভবতীদের চিকিৎসা
- লিফট বিকলে চরম ভোগান্তিতে গর্ভবতী, পরিজনরা

> এ বিষয়ে দু'বার ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে চিঠি করা হয়েছে। লিফটের মাদার বোর্ড বিকল হয়ে যাওয়ায় এই সমস্যা।
>
> **ডাঃ মাসুদ হাসান,** *সুপার, মাথাভাঙ্গা মহকুমা হাসপাতাল*




ফারজিনা পারভিন হলদিবাড়ির ৩৫ খাসবস পঞ্চম যোজনা প্রাথমিক বিদ্যালয়ের প্রথম শ্রেণির ছাত্রী। সে নাচ ও আবৃত্তিতে সমান পারদর্শী।

## সচেতনতা

**দিনহাটা, ২৪ এপ্রিল :** সেফ ড্রাইভ সেভ লাইফ সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বৃহস্পতিবার সচেতনতা কর্মসূচি করল সাহেবগঞ্জ থানার পুলিশ। এদিন দিনহাটা-২ ব্লকের বাসন্তীরহাট বাজার সংলগ্ন এলাকায় আয়োজিত এই কর্মসূচিতে দিনহাটার এসডিপিও ধীমান মিত্র সহ অন্য পুলিশ আধিকারিকদের পাশাপাশি স্থানীয় বাসিন্দা, ব্যবসায়ী এবং বাসন্তীরহাট কুমুদিনী উচ্চবিদ্যালয়ের পড়ুয়ারা উপস্থিত ছিলেন।

## জনসংযোগ

**দিনহাটা, ২৪ এপ্রিল :** ২০২৬-এর বিধানসভা নির্বাচনকে পাখির চোখ করে জনসংযোগে নামল তৃণমূল কংগ্রেসের ব্লক নেতৃত্ব। বৃহস্পতিবার দিনভর দিনহাটা-২ ব্লকের বামনহাট-১ গ্রাম পঞ্চায়েতের কাশিয়াবাড়িতে জনসংযোগ করেন ব্লক সভাপতি দীপক ভট্টাচার্য সহ অন্য নেতৃত্ব। মানুষের অভাব অভিযোগ শোনেন তাঁরা।


*কোচবিহারে উৎসব অডিটোরিয়ামে প্রশাসনিক বৈঠক। বৃহস্পতিবার।*

# বন্যা মোকাবিলায় আগাম বৈঠক

**কোচবিহার, ২৪ এপ্রিল :** বন্যা পরিস্থিতি মোকাবিলায় আগাম প্রস্তুতি বৈঠক করল কোচবিহার জেলা প্রশাসন। বৃহস্পতিবার জেলা শাসকের দপ্তর লাগোয়া উৎসব অডিটোরিয়ামে ওই বৈঠক হয়। প্রশাসন সূত্রে জানা গিয়েছে, বন্যা হলে জেলা সেচ দপ্তর, জনস্বাস্থ্য কারিগরি দপ্তর, স্বাস্থ্য দপ্তর, জেলা বিপর্যয় মোকাবিলা দপ্তরের কী কী পরিকল্পনা রয়েছে, কী পরিকাঠামো রয়েছে সেগুলি সমস্ত দপ্তরের আধিকারিকদের কাছে জানতে চাওয়া হয়েছে। সেচ দপ্তর কোন কোন বাঁধকে চিহ্নিত করেছে যেগুলিতে তারা কাজকর্ম করবে। বন্যা হলে কোন দপ্তর কীভাবে কাজ করবে সেগুলি নিয়েও আলোচনা হয়। অতিরিক্ত জেলা শাসক সোমেন দত্ত বলেন, 'বন্যা হলে মানুষকে উদ্ধার করার কী ব্যবস্থা রয়েছে? সেজন্য প্রয়োজনীয় বোট বা স্পিডবোট রয়েছে কি না। বোট চালানোর দক্ষ লোক রয়েছে কি না। মানুষকে উদ্ধার করে নিয়ে তাঁদের কোথায় রাখা হবে? সেখানে শৌচাগার রয়েছে কি না, খাওয়ার জলের ব্যবস্থা রয়েছে কি না। জনস্বাস্থ্য ও কারিগরি দপ্তর খাবার জল দিতে পারবে কি না। স্বাস্থ্য দপ্তর প্রয়োজনীয় ওষুধপত্র দিতে পারবে কি না। তার জন্য প্রস্তুতি কী রয়েছে, ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা হয়েছে।'

এদিনের বৈঠকে অন্যদের মধ্যে জেলা শাসক অরবিন্দকুমার মিনা ছাড়াও অতিরিক্ত জেলা শাসক, জেলার সমস্ত মহকুমা শাসক, সকল বিডিও, পিএইচই, সেচ, স্বাস্থ্য সমস্ত দপ্তরের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

# রাস্তায় ত্রিপল টাঙিয়ে অস্থায়ী দোকান

**বুল নমদাস**

**নয়ারহাট, ২৪ এপ্রিল :** রাস্তার ওপর ত্রিপল টাঙিয়ে সারি সারি মাছ, মাংসের অস্থায়ী দোকান। দোকানের জল রাস্তায় গড়িয়ে পড়ছে। এর জেরে ওই রাস্তায় যাতায়াতে পথচারী ও যানচালকদের সমস্যা হচ্ছে বলে অভিযোগ। মাছ-মাংস বিক্রির নির্দিষ্ট পাকা ছাউনি রয়েছে। তা সত্ত্বেও অধিকাংশ বিক্রেতা নয়ারহাট বাজারের মাছহাটির রাস্তায় দোকান বসিয়েছেন। বিশেষত বৃহস্পতিবার ও রবিবার সাপ্তাহিক হাটের দিনগুলিতে সমস্যা চরমে পৌঁছায়। দ্রুত এই সমস্যা মেটানোর দাবি জোরালো হয়ে উঠছে।

নয়ারহাট গ্রাম পঞ্চায়েত প্রধান মাম্পি বর্মনের বক্তব্য, 'ব্যবসায়ী সমিতির সঙ্গে আলোচনার মাধ্যমে সমাধানের চেষ্টা করা হচ্ছে।'

এদিন কেদারহাটের বীরেশ বর্মন টোটো চালিয়ে মাছহাটির রাস্তা দিয়ে সবজিহাটির দিকে যাচ্ছিলেন। কিন্তু রাস্তার ওপর অস্থায়ী দোকানের ত্রিপল টাঙানোর দড়ি থাকায় ওই পথে তাঁর টোটো নিয়ে যাওয়া হল না। বাধ্য হয়ে টোটো ঘুরিয়ে তাঁকে অন্য রাস্তায় যেতে হল। যাওয়ার সময় একরাশ বিরক্তি নিয়ে বলেন, 'অনেকদিন ধরে এই রাস্তায় চলাচলে অসুবিধা হলেও তা দেখার কেউ নেই।'

সাইকেল আরোহী, বাইকচালক ও হাটুরেদেরও বিস্তর ক্ষোভ রয়েছে। প্রশ্ন উঠছে, নির্দিষ্ট ঘর থাকলেও সংশ্লিষ্ট দোকানদাররা রাস্তার ওপর দোকান দিচ্ছেন কেন?

অভিযোগ স্বীকার করে মাছ, মাংস বিক্রেতাদের অনেকে জানান, ছাউনিতে ঢোকার একটাই রাস্তা। ফলে সবাই ছাউনির সামনের সারিতে বসতে চান। পেছনের সারিতে বিক্রিবাটা কম হওয়ার আশঙ্কায় অনেকে রাস্তার ওপর ত্রিপল টাঙিয়ে অস্থায়ী দোকান করছেন।

মাংস বিক্রেতা শচীন বর্মন বলেন, 'প্রশাসন ছাউনিতে ঢোকার আরেকটা রাস্তা তৈরি করে সেখানে সকলকে বসার ব্যবস্থা করে দিলে ভালো হয়। তবে নয়ারহাট ব্যবসায়ী সমিতির সভাপতি ধীরেন্দ্রনাথ বর্মন ও সম্পাদক শম্ভুনাথ সিং দুজনে বিষয়টি দ্রুত স্থানীয় প্রশাসনের সঙ্গে আলোচনা করবেন বলে আশ্বাস দিয়েছেন।

তৃণমূলের নয়ারহাট অঞ্চল চেয়ারম্যান হিমাদ্রি বর্মার কথায়, 'দ্রুত সমস্যা সমাধানের উদ্যোগ নেওয়া হচ্ছে।'

## টুকরো খবর

### কমিটি গঠন

**শীতলকুচি, ২৪ এপ্রিল :** শীতলকুচি কলেজের পরিচালন সমিতির সভাপতির দায়িত্ব পেলেন তৃণমূল কংগ্রেসের শীতলকুচি ব্লক সভাপতি তপনকুমার গুহ। এছাড়াও শিক্ষা দপ্তরের নমিনি হিসাবে গোলাম রব্বানি আহমেদ ও সুনীল প্রামাণিক পরিচালন কমিটির সদস্য হন। ইউনিভার্সিটি নমিনি হিসাবে অধ্যাপক হাদিদা ইয়াসমিন ও শঙ্খপ্রদীপ ঘোষ সদস্য হন। কমিটিতে শীতলকুচি কলেজের শিক্ষা প্রতিনিধি হিসেবে প্রদীপকুমার রায়, সুনীল রায় ও মানিক পাল সদস্য হন। নন টিচিং স্টাফ হিসাবে অপূর্বকুমার ঝা কমিটির সদস্য হন।

### অভিযোগ

**কোচবিহার, ২৪ এপ্রিল :** চুরির অভিযোগকে কেন্দ্র করে কোচবিহারের হাজরাপাড়ায় চাঞ্চল্য ছড়িয়েছে। অনির্বাণ সরকারের বাড়িতে এক পরিবার ভাড়া থাকত। তারা এদিন বাড়িতে ছিল না। দুপুরে বাড়ির দরজা তালা ভাঙা অবস্থায় দেখা যায়। ঘটনাস্থলে কোতোয়ালি থানার পুলিশ পৌঁছায়। একটি ক্যামেরা, নগদ টাকা সহ নানা জিনিসপত্র খোয়া গিয়েছে।

### নতুন রাস্তা

**মাথাভাঙ্গা, ২৪ এপ্রিল :** বৃহস্পতিবার মাথাভাঙ্গা-১ ব্লকের পচাগড় গ্রাম পঞ্চায়েতের ফকিরেরকুঠিতে গ্রাম পঞ্চায়েতের উদ্যোগে ৮৫ মিটার কংক্রিট রাস্তার কাজের সূচনা হল। পঞ্চায়েত প্রধান কুন্তী বর্মন কাজের সূচনা করেন। ৩ লক্ষ ১৯ হাজার টাকায় তৈরি হবে এই রাস্তা।

### বৃক্ষরোপণ

**গোপালপুর, ২৪ এপ্রিল :** পঞ্চায়েতি রাজ দিবস উপলক্ষ্যে বৃহস্পতিবার মাথাভাঙ্গা-১ ব্লকের গোপালপুর গ্রাম পঞ্চায়েত অফিসের উদ্যোগে অফিস প্রাঙ্গণে বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত হল। উপস্থিত ছিলেন পঞ্চায়েত প্রধান হেমন্তী রায় মাঝি সহ অন্যরা।

### ধৃত দুই

**দিনহাটা, ২৪ এপ্রিল :** দিনহাটা-২ ব্লকের মাধাইখাল কালী মন্দির লাগোয়া এলাকায় জুয়ার আসর বসিয়েছিল দুই ব্যক্তি। বুধবার রাতে অভিযান চালিয়ে জুয়ার সামগ্রী সহ ওই দুই ব্যক্তিকে গ্রেপ্তার করেছে পুলিশ। তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হচ্ছে বলে সাহেবগঞ্জ থানার পুলিশ জানিয়েছে।

# হাসপাতালে কিশোর, খরচ জোগাতে রাস্তায় বন্ধুরা

**দেবদর্শন চন্দ**

**কোচবিহার, ২৪ এপ্রিল :** 'ওকে সুস্থ করে ফিরিয়ে আনো। আমরা ওকে খুব ভালোবাসি।' বর্তমানে কেচবিহার শহরের মান্টু দাশগুপ্তপল্লির আশপাশে যে কোনও সময় খুদেদের গলায় এই কাতর আর্জি শোনা যেতে পারে। সম্প্রতি কাশ্মীরের ঘটনা সহ আরও নানা বিষয়কে কেন্দ্র করে যখন মানবতার সংকট নিয়ে সরব নেটিজনেরা তখনই মানবতার উদাহরণ তৈরি করেছে তারা। শহরের মান্টু দাশগুপ্তপল্লির বাসিন্দা এক কিশোরকে বাঁচাতে ওই এলাকার বহু খুদেকে দলবেঁধে চাঁদা তুলতে দেখা গেল। গত রবিবার বাইক দুর্ঘটনায় গুরুতর জখম হয়ে বছর ১৩-র ছেলে অভিজিৎ দাস বর্তমানে এক বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন। তাকে প্রথমে এমজেএন মেডিকেল কলেজ ও হাসপাতালে ভর্তি করা হলেও পরে নিউ কোচবিহারের এক বেসরকারি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। পরিবারের অবস্থা ভালো না হওয়ায় ছেলের চিকিৎসার জন্য তার পরিবার সাহায্যের আর্জি জানায়। তখনই বন্ধুর বিপদে পাশে দাঁড়াতে দু'বার ভাবেনি এলাকার অন্য কিশোর-কিশোরীরা। বন্ধুর ছবি হাতে নিয়ে পথচারীদের কাছ থেকে অর্থসাহায্য চাইছে সকলে।

তবে শুধুমাত্র খুদেরা নয়, এলাকার বাসিন্দারাও কিশোরের পরিবারের পাশে দাঁড়িয়েছেন। এদিন ওই এলাকায় যেতেই দেখা গেল অভিজিতের বন্ধু আয়ুষ্মান দাস, কৌশিক দাস, মৌসুমি বর্মন, শিল্পী বর্মন, শ্রাবন্তী মোদক, সুরিয়া রায় সহ আরও অনেকে তার ছবি হাতে রাস্তায় বেরিয়ে পড়েছে। সঙ্গে রয়েছেন অভিজিতের মা, মামা এবং দু'একজন অভিভাবক। পথচারীদের থেকে বন্ধুর চিকিৎসার জন্য তারা চাঁদা চাইছে। নিজেদের এলাকা ছাড়িয়ে বাঁধের রাস্তা এলাকা থেকেও তারা চাঁদা সংগ্রহ করছে। খুদেদের সঙ্গে কথা বলে জানা গেল, স্কুল থেকে বাড়ি ফিরে খাবার খেয়েই তারা বেরিয়ে পড়ে। সন্ধ্যা পর্যন্ত যত টাকা ওঠে তা অভিজিৎ-এর মামা সমীর সরকারের হাতে তুলে দেয়। তাদের মধ্যে আয়ুষ্মান বলল, 'বন্ধুকে সুস্থ করতে যত টাকাই লাগুক না কেন আমরা তা জোগাড় করে দেব। বিপদে আমরা ওর পরিবারের পাশে থাকব।'

ছোট থেকে অভিজিৎ মান্টু দাশগুপ্তপল্লিতে তার মামার বাড়িতে থাকে। তার তিন ভাই আছে। অভিজিতের বাবা গাড়ির খালাসির কাজ করেন। মা পেশায় পরিচারিকা। পরিবারে নুন আনতে পান্তা ফুরোয়। এই পরিস্থিতিতে ছেলের চিকিৎসার জন্য এত টাকা কীভাবে সংগ্রহ করবে তা নিয়ে চিন্তায় কিশোরের বাবা-মা ও মামা। অভিজিৎ-এর বাবা বিট্টু দাস বলেন, 'বর্তমানে ছেলের চিকিৎসার জন্য প্রচুর টাকার দরকার। তাই কোনও সহানুভূতিশীল ব্যক্তি বা সংস্থা যদি ওর চিকিৎসার জন্য সহযোগিতার হাত বাড়িয়ে দিত, তাহলে ছেলে সুস্থ হয়ে উঠত।'

এবিষয়ে মান্টু দাশগুপ্তপল্লি ক্লাব ও ব্যায়ামাগারের সম্পাদক রবিচন্দ্র বর্মন বলেন, 'বড়রাও চাঁদার জন্য বেরিয়েছে। আমাদের ক্লাব ছাড়াও আশপাশের ক্লাবগুলিকেও আমরা সহযোগিতার জন্য জানিয়েছি।'


*বন্ধুর চিকিৎসার আর্জি নিয়ে রাস্তায় খুদেরা। ছবি : জয়দেব দাস*

> বন্ধুকে সুস্থ করতে যত টাকাই লাগুক না কেন আমরা তা জোগাড় করে দেব। বিপদে আমরা ওর পরিবারের পাশে থাকব।
>
> **আয়ুষ্মান দাস**
> *বাসিন্দা, মান্টু দাশগুপ্তপল্লি*




## জরুরি তথ্য

### ব্লাড ব্যাংক

(বৃহস্পতিবার সন্ধ্যা ৭টা পর্যন্ত)

| | |
|---|---|
| **■ এমজেএন মেডিকেল কলেজ ও হাসপাতাল** | |
| এ পজিটিভ | ৩ |
| এ নেগেটিভ | ১ |
| বি পজিটিভ | ১ |
| বি নেগেটিভ | ৪ |
| এবি পজিটিভ | ২ |
| এবি নেগেটিভ | ১ |
| ও পজিটিভ | ২ |
| ও নেগেটিভ | ১ |
| **■ মাথাভাঙ্গা মহকুমা হাসপাতাল** | |
| এ পজিটিভ | ০ |
| এ নেগেটিভ | ০ |
| বি পজিটিভ | ২ |
| বি নেগেটিভ | ১ |
| এবি পজিটিভ | ০ |
| এবি নেগেটিভ | ০ |
| ও পজিটিভ | ৪ |
| ও নেগেটিভ | ০ |
| **■ দিনহাটা মহকুমা হাসপাতাল** | |
| এ পজিটিভ | ০ |
| এ নেগেটিভ | ০ |
| বি পজিটিভ | ২ |
| বি নেগেটিভ | ০ |
| এবি পজিটিভ | ১ |
| এবি নেগেটিভ | ১ |
| ও পজিটিভ | ১ |
| ও নেগেটিভ | ১ |

### ছোট তারা



তুফানগঞ্জের সিস্টার নিবেদিতা কনভেন্ট স্কুলের তৃতীয় শ্রেণির ছাত্র রিয়ানদীপ দাসের আবৃত্তি ও ছবি আঁকায় পুরস্কার রয়েছে। তবলাও বাজায় এই খুদে।



নদীর পাড় সাফাই পড়ুয়াদের। কোচবিহার কলেজের এনসিসি-র কর্মসূচিতে বৃহস্পতিবার জয়দেব দাসের তোলা ছবি।

### ক্ষোভে ফুঁসছেন ক্রেতারা-বিক্রেতারাও

# আবর্জনা চওড়াহাট বাজারে

**অমৃতা দে**

**দিনহাটা, ২৪ এপ্রিল :** দিনহাটার প্রাণকেন্দ্র চওড়াহাট বাজারে ফল কিনতে এসেছেন ঝুড়িপাড়া এলাকার বাসিন্দা রিনা রায়। বাজারে প্রবেশ করার কিছুক্ষণের মধ্যে নাকে রুমাল চাপা দিলেন তিনি এবং হাঁটা শুরু করলেন। আবর্জনার স্তূপের দিকে একবার তাকালেন বিরক্তির সঙ্গে। তাঁর বক্তব্য, 'দিনহাটার সবচেয়ে বড় বাজার হওয়ায় পরেও কোনও নজর নেই। বাজারজুড়ে থাকা আবর্জনা শুধু সমস্যার সৃষ্টি করছে না, পরিবেশকে দূষিত করে তুলছে।'

শহরের প্রাণকেন্দ্রে বাজার হওয়ায় প্রত্যেকদিন চওড়াহাটে কয়েক হাজার মানুষের পা পড়ে। তাঁদের সিংহভাগকেই এখন সমস্যায় পড়তে হচ্ছে বাজারের আবর্জনায়। যার জন্য পুর পরিষেবা নিয়ে অনেকেই প্রশ্ন তুলছেন। দূষণের জেরে তাঁরা নানা রোগে আক্রান্ত হচ্ছেন বলে অভিযোগ একশ্রেণির ব্যবসায়ীর। যেমন বিকাশ সাহা বলছেন, 'দিনের পর দিন আবর্জনা জমে দুর্গন্ধ হচ্ছে। আর সেই দুর্গন্ধে আমাদের বসে থাকতে হয় ব্যবসার খাতিরে।' বাজারের একাধিক ব্যবসায়ীর সঙ্গে কথা বলে তাঁদের ক্ষোভ টের পাওয়া গিয়েছে। একাধিক ব্যবসায়ীর বক্তব্য, পরিকাঠামো উন্নয়নে কোনও নজর দেওয়া হচ্ছে না। দিনের পর দিন ড্রেন অপরিষ্কার থাকছে। একটু বৃষ্টি হলে ছাদ চুইয়ে জল পড়ে পরিবেশকে আরও অসহনীয় করে তুলছে। বাজারের একাধিক রাস্তায় আবর্জনার স্তূপ। যা নিয়ে তাঁরা পুরসভার বিরুদ্ধে আঙুল তুলেছেন। দিনহাটা ব্যবসায়ী কল্যাণ সমিতির সম্পাদক রানা গোস্বামী বলেন, 'বহুবার পুরসভার কাছে আবেদন করেছি। মুখ্যমন্ত্রীর কাছেও সরাসরি আবেদন জানানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। পরবর্তীতে পুরসভা আবেদন পেয়ে বাজার পরিষ্কার করে দেয়। কিন্তু নিয়মিত পরিষ্কার হচ্ছে না। সমস্যায় পড়তে হচ্ছে ক্রেতা-বিক্রেতা সকলকেই।'



দিনের পর দিন এভাবেই পড়ে থাকছে আবর্জনা। ছবি : অমৃতা দে

তবে বাজার সময়মতো পরিষ্কার হচ্ছে না, মানতে নারাজ দিনহাটা পুরসভার ভাইস চেয়ারম্যান সাবির সাহা চৌধুরী। তাঁর দাবি, 'প্রতিনিয়ত বাজার পরিষ্কার করা হয়। মাঝে দু'-তিনদিন বন্ধ ছিল। সেই আবর্জনাই হয়তো জমে আছে। খুব তাড়াতাড়ি তা পরিষ্কার করে দেওয়া হবে।' পরিকাঠামো উন্নয়ন সংক্রান্ত বিষয় জেলা শাসককে জানানো হয়েছে বলে তিনি জানান।

**আবর্জনার দুর্গন্ধ**

- দিনহাটার চওড়াহাট বাজারে দিনের পর দিন আবর্জনা জমে দুর্গন্ধ ছড়াচ্ছে
- প্রযোজন সেরে ক্রেতারা সরে যেতে পারলেও ব্যবসায়ীদের দুর্গন্ধেও বসে থাকতে হচ্ছে
- বাজারের একাধিক রাস্তায় আবর্জনার স্তূপ জমলেও পুরসভার সাফাই করার উদ্যোগ নেই
- শুধু আবর্জনাই নয়, বাজারের নিকাশিনালাও দিনের পর দিন সাফাই হয় না

## ব্যবসায়ীদের দাবি নিয়ে বৈঠক

**তুফানগঞ্জ, ২৪ এপ্রিল :** বৃহস্পতিবার মেইন রোড সম্প্রসারণ নিয়ে দোকান রক্ষা কমিটির সদস্যদের সঙ্গে পুরসভার কনফারেন্স রুমে একটি বৈঠক হয়। এই বৈঠকে সম্প্রসারণের সময় ব্যবসায়ীদেরপ বিকল্প ব্যবস্থা করার প্রস্তাব নিয়ে আলোচনা হয়। উপস্থিত ছিলেন পুরসভার চেয়ারপার্সন কৃষ্ণা ঈশোর, ভাইস চেয়ারম্যান তনু সেন সহ বিভিন্ন ওয়ার্ডের কাউন্সিলাররা। কমিটির সভাপতি মনোরঞ্জন সরকার জানান, রাস্তা সম্প্রসারণের দাবিকে আমরা সমর্থন জানিয়েছি। তবে আমাদের যেখানে দোকান রয়েছে আগামীদিনেও যেন সেখানেই ব্যবসা করতে পারি সেই দাবিও রেখেছি। এ ব্যাপারে চেয়ারপার্সন কৃষ্ণা ঈশোর বলেন, 'বৈঠকে ব্যবসায়ীরা আবেদন জানিয়েছেন। পরবর্তীতে বিষয়টি বিবেচনা করে সব পক্ষের সঙ্গে আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত নেওয়া হবে।'

## হজযাত্রীদের টিকাকরণ

**মাথাভাঙ্গা, ২৪ এপ্রিল :** বৃহস্পতিবার মাথাভাঙ্গা মহকুমা হাসপাতালে হজযাত্রীদের টিকাকরণ কর্মসূচি অনুষ্ঠিত হল। হাসপাতালের একটি আলাদা ঘরে এদিন এই টিকাকরণ কর্মসূচির আয়োজন করে হাসপাতাল কর্তৃপক্ষ।

এদিন ২ জন মহিলা সহ ১৩ জন পুরুষের টিকাকরণ করে হয়েছে। মাথাভাঙ্গা মহকুমা হাসপাতালের সুপার মাসুদ হাসান বলেন, 'মোট ১৫ জন হজযাত্রীর টিকাকরণ করা হয়েছে।'

### বিবেকানন্দ স্ট্রিট

# প্রাণ হাতে পারাপার

**তন্দ্রা চক্রবর্তী দাস**

**কোচবিহার, ২৪ এপ্রিল :** মাঝেমধ্যে উলটে যায় টোটো। সাইকেল থেকে শুরু করে বাইক আরোহী দুর্ঘটনার কবলে পড়েন প্রায় প্রতিদিন। তবুও রাস্তা সারাই করতে উদ্যোগ দেখা যায় না। জায়গাটুকু দেখে মনেই হবে না এটা শহরের কোন রাস্তা। চওড়া রাস্তার কোথাও পিচের চাদর উঠে গিয়ে পাথর বেরিয়ে এসেছে। কোথাও আবার খানাখন্দে ভরে গিয়েছে। শহরের গুরুত্বপূর্ণ বিবেকানন্দ স্ট্রিটের গোটা রাস্তায় কোনও সমস্যা না থাকলেও ওই লেভেল ক্রসিংয়ের জায়গাটুকুর অবস্থা এতটাই খারাপ যে সেখান দিয়ে প্রাণ হাতে করে যাওয়া-আসা করতে হচ্ছে নিত্যযাত্রীদের।

বিবেকানন্দ স্ট্রিটের পেট চিরে চলে গিয়েছে রেলের লাইন। রেললাইনের দু'পাশের রাস্তার অবস্থা খুবই দুর্বিষহ। ভুক্তভোগী মাত্রই জানেন সেই রাস্তা দিয়ে যেতে গেলে কতটা কসরত করতে হয়। টোটোতে নিশ্চিন্ত মনে যাওয়া যাত্রীকে হঠাৎই সচকিত হয়ে যেতে হয় ঝাঁকুনি খেয়ে। সেখান দিয়ে যেতে গিয়ে বিপজ্জনকভাবে কাত হয়ে যায় ট্রাক। খুবই সাবধানে চালাতে হয় বাইক, স্কুটি থেকে সাইকেল।

সেখান দিয়ে স্কুটিতে যাচ্ছিলেন ভারতী রাউত। দাঁড়িয়ে পড়ে বললেন, 'কোন দিন যে এখানে একটা সাংঘাতিক বিপদ হবে সেটারই অপেক্ষায় আছি।' প্রতিদিনই এই রাস্তা দিয়ে যাওয়া আসা করতে হয় পিলখানার বাসিন্দা সুমন সরকারকে। ক্ষোভের সুরে বললেন, 'আজ থেকে নয় বহুদিন ধরেই রাস্তার এই অংশটা এরকম অবস্থাতেই পড়ে আছে। এই জায়গায় বেশ কয়েকবার নিজের চোখে টোটো উলটে যেতে দেখেছি। অবিলম্বে এই রাস্তাটা ঠিক করার দাবি জানাচ্ছি।'

রেল ট্র্যাকের দু'দিকে ৪০ মিটার পর্যন্ত রাস্তা রেলের অধীনে পড়ে। সেদিক থেকে দেখতে গেলে রাস্তার এই অংশটুকু ঠিক করার দায়িত্ব রেল দপ্তরেরই। কিন্তু তাদের পক্ষ থেকে কোনওরকম উদ্যোগ এতদিনে দেখা যায়নি। এ প্রসঙ্গে রেলমন্ত্রকের সিনিয়ার ডিসিএম অভয় সনপ জানালেন, 'রাস্তার এই অবস্থার কথা আমাদের জানা ছিল না, রাস্তার ওই অংশ যদি আমাদের দায়িত্বে পড়ে তাহলে অবশ্যই আমরা সেটা মেরামত করে দেব।'



লেভেল ক্রসিংয়ের কাছে বেহাল রাস্তা। -সংবাদচিত্র

**বিপজ্জনক পথ**

- বিবেকানন্দ স্ট্রিটের পেট চিরে চলে গিয়েছে রেললাইন
- রেললাইনের দু'পাশেই রাস্তার অবস্থা খুবই ঝুঁকিপূর্ণ
- রাস্তার পিচের চাদর উঠে গিয়ে পাথর বেরিয়ে এসেছে
- কোথাও কোথাও আবার খানাখন্দে ভরে গিয়েছে

# শিশুরোগ বিশেষজ্ঞের দুর্ব্যবহারের নালিশ

**মেখলিগঞ্জ, ২৪ এপ্রিল :** মেখলিগঞ্জ মহকুমা হাসপাতালের শিশুরোগ বিশেষজ্ঞ চিকিৎসকের কাছে গিয়ে দুর্ব্যবহারের শিকার হতে হয়েছে বলে অভিযোগ তুলেছেন পেশায় শিক্ষক আতাউর রহমান। বৃহস্পতিবার তিনি দুই শিশুকে নিয়ে হাসপাতালের বহির্বিভাগে শিশুরোগ বিশেষজ্ঞকে দেখাতে যান। ভোটবাড়ি গ্রাম পঞ্চায়েত এলাকার বাসিন্দা আতাউরের অভিযোগ, ওই চিকিৎসক তাঁর সঙ্গে দুর্ব্যবহার করে তাঁকে বহির্বিভাগ থেকে বেরিয়ে যেতে বলেন। এরপরেই তিনি হাসপাতালের সুপার ডাঃ তাপস দাসের কাছে এনিয়ে লিখিত অভিযোগ দায়ের করেন। তিনি বলেন, 'আমি আমার স্ত্রী ও দুই সন্তানকে নিয়ে চিকিৎসককে দেখাতে গেলে প্রথমেই চিকিৎসক আমাকে ঢুকতে বাধা দেন। একসময় শুধু একজনমাত্র ব্যক্তিই বহির্বিভাগে ঢুকতে পারেন বলে ওই চিকিৎসক জানান। আমাকে বেরিয়ে যেতে বলে আমার সঙ্গে দুর্ব্যবহার করেন।' তিনি বলেন, 'আমার স্ত্রী ৮ মাসের শিশুকে নিয়ে দেখাতে গেলে তাকে না দেখেই ওষুধ লিখে দিয়ে চলে যেতে বলেন।' আতাউরের অভিযোগ, পরে সাড়ে পাঁচ বছরের শিশুকে দেখাতে গেলে তাকেও ওই চিকিৎসক না দেখেই ওষুধ লিখে দেন। তিনি বলেন, 'চিকিৎসদের মানুষ ভগবানের চোখে দেখেন। সেই জায়গায় ওঁদের কাছে এই ধরনের দুর্ব্যবহার কখনোই কাম্য নয়।'

হাসপাতালের সুপার ডাঃ তাপস দাস বলেন, 'এর আগেও ডাক্তার অনুরাগ সরকারের নামে এমন অভিযোগ এসেছে। আমরা তাঁকে শোকজও করেছি এবং উর্ধ্বতন কর্তৃপক্ষকেও জানিয়েছি। এই বিষয়েও তদন্ত করে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে। রোগীদের সঙ্গে দুর্ব্যবহারের ঘটনা হাসপাতালে মেনে নেওয়া হবে না।'

**কী অভিযোগ**

- বৃহস্পতিবার এক দম্পতি দুই শিশুকে নিয়ে বিশেষজ্ঞ চিকিৎসকের কাছে যান
- তাঁদের আউটডোর থেকে বেরিয়ে যেতে বলা হয়, একজন করে যেতে বলা হয়
- দুই শিশুকে পৃথকভাবে নিয়ে গেলে তাদের না দেখে ওষুধ লিখে দেওয়া হয়




পহলগামে জঙ্গি হামলার প্রতিবাদে কোচবিহারে সিপিএমের মিছিল।

# জঙ্গলে ঢেকেছে মাথাভাঙ্গার শিশু উদ্যান

**রাজেশ দাস**

**মাথাভাঙ্গা, ২৪ এপ্রিল :** নামেই শিশু উদ্যান। তবে বাচ্চারা কেউ পার্কমুখী হয় না। মাথাভাঙ্গা শহরের ৪ নম্বর ওয়ার্ডের জংলি কালীবাড়ি এলাকায় তৈরি হওয়া শিশু উদ্যানটির বর্তমানে এমনই অবস্থা। স্থানীয়দের অভিযোগ, উদ্যানটি চালু হওয়ার পর তিন থেকে চার বছর ঠিকভাবে চলেছিল। তবে এখন রক্ষণাবেক্ষণের অভাবে বর্তমানে গোটা জায়গাটি আগাছায় ভরে গিয়েছে। শিশুরা পার্কে না গিয়ে রাস্তার ওপরেই খেলাধুলো করে। এর ফলে শহরজুড়ে শিশুদের খেলাধুলোর জায়গাও কমে যাচ্ছে। শহরবাসী প্রশ্ন তুলছেন, শিশুদের বিনোদনের জন্য তৈরি হওয়া উদ্যানের যদি এমন জরাজীর্ণ অবস্থা হয়, তাহলে কোথায় তারা খেলাধুলো করবে। শিশুদের মানসিক বিকাশই বা কী করে ঘটবে! তাই সকলেই উদ্যানটি দ্রুত চালুর দাবি করেছেন। এবিষয়ে মাথাভাঙ্গা পুরসভার চেয়ারম্যান লক্ষপতি প্রামাণিক বলেছেন, '৩৫ লক্ষ টাকা ব্যয় করে দ্রুত এই শিশু উদ্যানটিকে নতুনভাবে সাজিয়ে তোলা হবে। শিশুদের খেলাধুলোর পাশাপাশি এটি বড়দেরও আকর্ষণের কেন্দ্রবিন্দু হয়ে উঠবে।'

বাম আমলে ২০০৮ সালে শিশুদের বিনোদনের জন্য ওই উদ্যানটি তৈরি হয়। ওয়ার্ডের এক বাসিন্দা কানাই চৌহান বলেন, 'এই শিশু উদ্যানটি চালু হওয়ার পরে বছর চারেক ঠিকভাবে চলেছে। তারপর থেকে আচমকাই তা বন্ধ হয়ে যায়। এখন আগাছা, আবর্জনায় ভরে গিয়েছে। যার ফলে ভয়ে এলাকার বাচ্চারা আর শিশু উদ্যানে খেলতে আসে না। এমনকি পার্কে থাকা শিশুদের দোলনা সহ বিভিন্ন খেলার সামগ্রীও ভেঙে পড়ে রয়েছে।' এবিষয়ে প্রশাসন দ্রুত হস্তক্ষেপ করে উদ্যানটিকে শিশুদের খেলার যোগ্য করে তুলুক, এমনটাই চান অপর এক বাসিন্দা মিনতি বিশ্বাস।

তাঁর কথায়, 'এলাকায় শিশুদের খেলার জায়গা নেই। তারা রাস্তার ওপরেই খেলাধুলো করে। এর ফলে দুর্ঘটনার আশঙ্কাও থাকে। আমরা এবিষয়ে পুরসভাকে জানিয়েছি। তবে এখনও অবধি কেবল আশ্বাস মিলেছে। সংস্কারের কোনও উদ্যোগ দেখিনি।' যদিও পার্কটি সংস্কার করার প্রসঙ্গে বিজেপির জেলা সহ সভাপতি মনোজ ঘোষ বলেন, 'মাথাভাঙ্গাবাসীকে মিথ্যা প্রতিশ্রুতি দেওয়া ছাড়া আর কোনও কাজ করে না পুরসভা। উদ্যান সংস্কারের নামে টাকা লুট হবে। কাজের কাজ কিছুই হবে না।'



আগাছায় ভরে রয়েছে মাথাভাঙ্গা শহরের চার নম্বর ওয়ার্ডের শিশু উদ্যানটি।

## পাড়ায় পাড়ায়

### কোচবিহার

## রাস্তার গর্তে জল জমে ভোগান্তি

**কোচবিহার, ২৪ এপ্রিল :** রাস্তা থেকে প্রায় কয়েকশো মিটার পিচের চাদর উঠে গিয়েছে। রাস্তার বিভিন্ন জায়গায় গর্ত হয়ে জল জমে রয়েছে। এতে চলাফেরা করতে সমস্যায় পড়ছেন এলাকার বাসিন্দারা। এমনই অবস্থা কোচবিহার শহরের চার নম্বর ওয়ার্ডের রেল গুমটি এলাকায় সুইডিশ মিশন স্কুলের সামনের রাস্তার। পরিস্থিতি এতটাই ভয়াবহ যে, রাস্তার বেহাল অবস্থার কারণে প্রায়ই রাস্তাটিতে বিভিন্ন যানবাহন পড়ে গিয়ে দুর্ঘটনা ঘটছে। স্কুল সামনে থাকায় ছোট ছোট বাচ্চাও সেখান দিয়ে চলাফেরা করে। এছাড়াও রাস্তাটি দিয়ে টাউন হাইস্কুল, সিস্টার নিবেদিতা স্কুলের ছাত্রছাত্রীরাও যাতায়াত করে। পাশাপাশি ওই রাস্তাটির ধারেই রয়েছে উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের আবাসন। ফলে রাস্তাটির এমন বেহাল দশা নিয়ে এলাকার বাসিন্দাদের দীর্ঘদিনের ক্ষোভ রয়েছে। এলাকা দিয়ে যাতায়াতকারী বিশ্বজিৎ গুহ নিয়োগী বলেন, 'দীর্ঘদিন ধরে এভাবেই অসুবিধার মধ্য দিয়ে রাস্তা দিয়ে যাতায়াত করতে হচ্ছে। সামনে স্কুল, ছাত্রদেরও অসুবিধা হচ্ছে।' এলাকার কাউন্সিলার ভূষণ সিং বলেন, 'রাস্তাটির টেন্ডার হয়েছে। খুব শীঘ্রই কাজ শুরু হবে।'





### হলদিবাড়ি

## ক্ষতিগ্রস্ত নালা সংস্কারের দাবি

**হলদিবাড়ি, ২৪ এপ্রিল :** গত বর্ষায় অতি বর্ষণে ধসে গিয়েছিল নিকাশিনালার প্রাচীরের একাংশ। আজও ক্ষতিগ্রস্ত নালা সংস্কারের উদ্যোগ হয়নি। হলদিবাড়ি পুর এলাকার ১০ নম্বর ওয়ার্ডের অন্তর্গত কলেজপাড়া এলাকার নাগরিকদের আশঙ্কা, আসন্ন বর্ষায় এলাকার জমা জল বের হতে সমস্যা হবে। ফলে বসতি এলাকা প্লাবিত হবে। এলাকার তরুণ রাহুল রায় অভিযোগ করে বলেন, 'বর্তমানে ভাঙা নালা সংলগ্ন রাস্তার সংস্কারের কাজ শুরু করা হয়েছে। অথচ ক্ষতিগ্রস্ত নিকাশিনালা সংস্কার করা হয়নি।' ক্ষতিগ্রস্ত অংশে রাস্তার পাশে বাঁশ ও টিন দিয়ে নিম্নমানের কাজ হয়েছে। বর্ষায় দুর্বল কাজের জন্য রাস্তার একাংশ ধসে গিয়ে যোগাযোগ বিচ্ছিন্ন হবে বলেও আশঙ্কা তাঁর। স্থানীয় রবিউল গনি প্রধানের অভিযোগ, 'নিম্নমানের কাজ করার জন্য বছর ঘুরতেই অতি বৃষ্টিতেই নালার প্রাচীর ধসে গিয়েছিল। এতে যেমন দুর্ঘটনার সম্ভাবনা তৈরি হয়েছে তেমনি নালাটি অবরুদ্ধ হয়ে এলাকার জমা জল নিষ্কাশন ব্যাহত হবে। স্থানীয়রা জানিয়েছেন, ওই সড়কটি খুবই গুরুত্বপূর্ণ। কারণ ওই পথ দিয়েই হলদিবাড়ি কলেজ সহ তিনটি নার্সারি স্কুলের পড়ুয়ারা চলাচল করে। দ্রুত ক্ষতিগ্রস্ত নিকাশিনালাটি সংস্কার করার দাবি তোলেন স্থানীয় বাসিন্দারা।

তথ্য : গৌরহরি দাস, অমিতকুমার রায়

